গাংনীর চিতলা থেকে ৫০ পিস ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চিতলা মধ্যপাড়া রাস্তা থেকে ৫০ পিস ইয়াবাসহ হাসিবুল ইসলাম (২৬) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার সময় গাংনী থানার এস আই সইবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃত হাসিবুল ইসলাম গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আকছেদ আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় একজন ইয়াবা বহন করছে। এসময় ওই যুবকের গতিবিধি সন্দেহ হলে পুলিশ চ্যালেঞ্জ করে তল্লাশি চালিয়ে তার পকেটে থাকা সিগারেটের প্যাকেটে থাকা ৫০ পিস ইয়াবা উদ্ধারসহ তারক আটক করা হয়।

এ বিষয়ে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।